

শাকসু নির্বাচন নভেম্বরে : ভিসি

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

দীর্ঘ ২৮ বছর পর অনুষ্ঠিত হতে যাচ্ছে সিলেটের শাহজালাল
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু)
নির্বাচন। রবিবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
অধ্যাপক এ এম সরওয়ারউদ্দিন চৌধুরী বিষয়টি নিশ্চিত
করেছেন।

গড়ুন



৬ বিভাগে ভারি বর্ষণের সতর্কতা, পাহাড়ধসের শঙ্কা

তিনি বলেন, ‘দীর্ঘ ২৮ বছর পর অনুষ্ঠিত হতে যাচ্ছে শাকসু
নির্বাচন। আমরা আশা করছি, নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে শাকসু
নির্বাচন আয়োজন করা হবে।

দুই-তিন দিনের মধ্যেই নির্বাচন কমিশন গঠন করা হবে।’

তিনি আরো বলেন, ‘ক্যাম্পাসে এখন সেমিস্টার ফাইনালের প্রস্তুতি চলছে। অক্টোবরের মাঝামাঝি সময়ে তা শেষ হবে, এর পরই নির্বাচনের আনুষ্ঠানিক প্রস্তুতি শুরু হবে।’

শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে উপাচার্য বলেন, নির্বাচন যেন সংঘাত নয়, বরং উৎসবে রূপ নেয়, সেটিই চাই।

নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের প্রতিনিধি পাবে, যারা তাদের চাওয়া-পাওয়ার কথা প্রশাসনের কাছে তুলে ধরতে পারবে।

ন



রিজার্ভ বেড়ে ৩০ বিলিয়ন মার্কিন ডলার

প্রসঙ্গত, সর্বশেষ শাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ১৯৯৭ সালে।

তার আগে ১৯৯৩ সাল থেকে শুরু করে মাত্র তিনবার শাকসু

নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এরপর দীর্ঘ ২৮ বছর ধরে শাকসু অচল

অবস্থায় পড়ে রয়েছে।

